# SATISH CHANDRA MEMORIAL SCHOOL

## CLASS TEST (2024-25)

## CLASS XI

## BENGALI (105)

**Time Allowed: 40 Minutes** **Maximum Marks: 20**

**1) নীচের রচনাংশটি পড়ে প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করো।** **1x10=10**

একদিন তাঁর দেড় বছরের কন্যা মাথার তেলের শিশি ভেঙে ফেলল, তাঁকে বকতে গিয়ে লিখে ফেলেছিলেন "তেলের শিশি ভাঙল বলে খুকুর পরে রাগ করো তোমরা যে সব বুড়ো খোকা ভারত ভেঙে ভাগ করো! তার বেলা"? বিদ্যুতের উদভাসে লেখা এক বিস্ময়কর ছড়া,কার্যত অচিরেই উন্নীত হয় এক প্রবাদে। নিজেই লিখেছেন ঔপন্যাসিক হতে চাননি কবি হতে চেয়েছিলেন।

আই সি এস হওয়ার পরেও তাঁর একমাত্র লক্ষ ছিল বাংলা ভাষায় সাহিত্য চর্চা করবেন সেই কারণে সিদ্ধান্ত নিয়েছিলেন মাত্র পাঁচ বছরের জন্য চাকরি করবেন,বাংলা প্রদেশ কে চাকরির ক্ষেত্র হিসেবে বেছেও নিলেন,তিনি প্রোথিতযশা সাহিত্যিক,কবি,অন্নদাশঙ্কর রায়।

ছাত্র হিসেবে ছোটবেলা থেকেই অসম্ভব মেধাবী,আই এ পরীক্ষায় প্রথম স্থান,বি এ অনার্সেও প্রথম,আবার আই সি এসে তিনি ফার্স্ট হলেন। যেতে হবে ইংল্যান্ডে কিন্তু পথের খরচ জাহাজের খরচ কে জোগাবেন!এত অর্থ জোগান দেওয়ার সামর্থ অন্নদাশঙ্করের পরিবারের ছিল না,ব্রিটিশ সরকার সব খরচ বহন করবে তবে তিন মাস পরে। টাকা কিভাবে আসবে ভেবে অন্নদাশঙ্কর পুরীর সমুদ্রতীরে অস্থির ভাবে পায়চারি করছিলেন,দেখা হল লক্ষ্মীনারায়ণ পট্টনায়কের সঙ্গে তিনি ধনী ব্যক্তি তেমন উৎকল সাহিত্যর একজন লেখক।সব কথা জেনে লক্ষ্মীনারায়ণ বিশেষ ব্যবস্থা করে তাঁকে লন্ডন পাঠানোর ব্যবস্থা করেন।

মজার বিষয় হল আই সি এসের শিক্ষানবিশ হিসেবে অন্নদাশঙ্কর রায়ের পাঠ নেওয়ার কথা অক্সফোর্ডের ক্রাইস্ট চার্চ কলেজ, কিন্তু তিনি সেখানে যেতে রাজি হলেন না বরং চাইলেন লন্ডনে থাকবেন। ভেবেছিলেন বিশ্বনাগরিকের জন্য লন্ডন উপযুক্ত, তখনও সিদ্ধান্ত পাঁচ বছর চাকরি করবেন, অতএব অক্সফোর্ডের লাইব্রেরিতে জীবন কাটানোর থেকে লন্ডনে যৌবনপাত অনেক শ্রেয়। জীবন কে এইসময় উপভোগ করেছেন, ঘুরেছেন ইউরোপের অনেক দেশে। দ্বিতীয় বছরের ইস্টারের ছুটিতে বন্ধু ভবানী ভট্টাচার্যের সঙ্গে পথে বেরিয়ে পড়লেন, সামনে যে বাস পান,সেই বাসে চড়েন। এভাবেই ব্রিস্টলে এসে দেখেছিলেন রাজা রামমোহন রায়ের সমাধি, পরদিন একটা অন্য বাসে কার্ডিফ। প্রতিদিন সামনে যে বাস পাওয়া গেছে তাতে উঠে পড়ে নতুন নতুন জায়গায় নেমে পড়ার রোমাঞ্চ। দেশে ফিরে এই ভ্রমনের ভিত্তিতে লিখেছেন উপন্যাস। চাকরিতে অন্নদাশঙ্করের প্রথম পোস্টিং বহরমপুরের অ্যাসিস্ট্যান্ট ম্যাজিস্ট্রেট। বড়দিনের ছুটিতে শান্তিনিকেতনে গেলেন, সঙ্গে অচিন্ত্যকুমার সেনগুপ্ত। রবীন্দ্রনাথ তাদের সমাদারের সঙ্গে গ্রহন করলেন। সর্বোচ্চ শ্রেণীর আধিকারিক হয়েও চুটিয়ে লিখতে শুরু করলেন। তাঁর নিজের ভয় ছিল 'সত্যাসত্য'র মত বড়মাপের গুরুগম্ভীর উপন্যাস কে ছাপাবেন!

**I)**মন্তব্য: একদিন কবি অন্নদাশংকর রায় তাঁর দেড় বছরের শিশুকন্যাকে বকেছিলেন।
কারণ:সে মেঝেতে জল ফেলে দিয়েছিল।

**a)** মন্তব্য ও কারণ উভয়ই ঠিক। **b)** মন্তব্য ঠিক কারণ ভুল।
**c)** মন্তব্য ভুল কারণ ঠিক। **d)** মন্তব্য ও কারণ উভয়ই ভুল।

**II)**মন্তব্য: অন্নদাশংকর রায় সিদ্ধান্ত নিয়েছিলেন মাত্র পাঁচ বছরের জন্য তিনি চাকরি করবেন।
কারণ: তাঁর একমাত্র লক্ষ্য ছিল বাংলা ভাষায় সাহিত্য চর্চা করা।

**a)** মন্তব্য ও কারণ ভুল। **b)** মন্তব্য ঠিক কারণ ভুল।
**c)** কারণ ঠিক মন্তব্য ভুল। **d)** মন্তব্য ও কারণ উভয়ই ঠিক।

**III)** মন্তব্য: কবি অন্নদাশংকর পুরীর সমুদ্র তীরে অস্হির ভাবে পায়চারি করছিলেন।
কারণ: তাঁর কবিতা লেখার সময় ছন্দ কিছুতেই মেলাতে পারছিলেন না।

**a)** মন্তব্য ও কারণ উভয়ই ঠিক। **b)** মন্তব্য ও কারণ উভয়ই ভুল।
**c)**মন্তব্য ঠিক কারণ ভুল। **d)** মন্তব্য ভুল কারণ ঠিক।

**IV)** মন্তব্য: অন্নদাশংকর রায় পুরী গিয়েছিলেন।
কারণ: তিনি বড়দিনের ছুটি পেয়েছিলেন।

**a)** মন্তব্য ভুল কারণ ঠিক। **b)** মন্তব্য ও কারণ ভুল।
**c)** মন্তব্য ও কারণ ঠিক। **d)** মন্তব্য ঠিক কারণ ভুল।

**V)** মন্তব্য: ইউরোপে থাকাকালীন কবি বন্ধু ভবানী ভট্টাচার্যের সঙ্গে পথে বেরিয়ে পড়লেন।
কারণ: তিনি ঈস্টারে ছুটি পান।

**a)** মন্তব্য ঠিক কারণ ভুল। **b)** মন্তব্য ও কারণ উভয়ই ঠিক।
**c)** মন্তব্য ও কারণ উভয়ই ভুল। **d)** মন্তব্য ভুল কারণ ঠিক।

**VI)**মন্তব্য: কবি ইউরোপে থাকাকালীন প্রতিদিন সামনে যে বাস পান সেই বাসেই চড়েন।
কারণ: নতুন নতুন জায়গায় নেমে পড়তে তিনি রোমাঞ্চ অনুভব করতেন।

**a)** মন্তব্য ভুল কারণ ঠিক। **b)** মন্তব্য ঠিক কারণ ভুল।
**c)** মন্তব্য ও কারণ উভয়ই ভুল। **d)** মন্তব্য ও কারণ উভয়ই ঠিক।

**VII)**মন্তব্য: লক্ষ্মীনারায়ণ পট্টনায়েক বিশেষ ব্যবস্থা করে কবিকে লণ্ডনে পাঠান।
কারণ: পট্টনায়েক ছিলেন কবির সুহৃদ

**a)** মন্তব্য ঠিক কারণ ভুল। **b)** মন্তব্য ও কারণ উভয়ই ভুল।
**c)** মন্তব্য ও কারণ উভয়ই ঠিক। **d)** মন্তব্য ভুল কারণ ঠিক।

**VIII)**মন্তব্য: কবি আই. এ পরীক্ষায় প্রথম স্থান, বি. এ অনার্স পরীক্ষায় প্রথম ও আই সি এসে ফার্স্ট হলেন।
কারণ: তিনি ছাত্র হিসেবে অসম্ভব মেধাবী ছিলেন।

**a)** মন্তব্য ও কারণ উভয়ই ভুল। **b)** মন্তব্য ঠিক কারণ ভুল।
**c)** মন্তব্য ও কারণ উভয়ই ঠিক। **d)** মন্তব্য ভুল কারণ ঠিক।

**IX)**মন্তব্য: অন্নদাশংকর রায় ঔপন্যাসিক হতে চাননি।
কারণ: তার লক্ষ্য ছিল কবি হওয়া।

**a)** মন্তব্য ও কারণ ঠিক। **b)** মন্তব্য ও কারণ ভুল।
**c)** মন্তব্য ভুল কারণ ঠিক। **d)** মন্তব্য ঠিক কারণ ভুল।

**X)**মন্তব্য: মেধাবী ছাত্রকে যেতে হবে ইংল্যান্ড কিন্তু রাহা খরচ, জাহাজের খরচ কে জোগাবে!
কারণ:কবি খুব মিতব্যয়ী ছিলেন।

**a)** মন্তব্য ঠিক কারণ ভুল। **b)** মন্তব্য ও কারণ দুটোই ভুল।
**c)** মন্তব্য ভুল কারণ ঠিক। **d)** মন্তব্য ও কারণ দুটোই ঠিক।

**2. নিচের ব্যাকরণগত প্রশ্নগুলোর সঠিক উত্তর নির্বাচন করে লেখো।** **(1x10=10)**

**I)** মন্তব্য: 'অষ্টাদশ' শব্দটি বাংলা শব্দভাণ্ডারের তৎসম শ্রেণির শব্দ।
কারণ (ক) : শব্দটি সরাসরি সংস্কৃত শব্দভাণ্ডার থেকে বাংলা শব্দভাণ্ডারে চলে এসেছে।
কারণ (খ) : শব্দটিতে প্রাকৃতের স্তরে কোনো পরিবর্তন হয়নি।
মন্তব্যের প্রেক্ষিতে কারণদু'টো ঠিক না ভুল তা লেখো।

**a)** কারণ (ক) ঠিক, (খ) ভুল। **b)** কারণ (ক) ভুল, (খ) ঠিক।
**c)** কারণ (ক) ও (খ) উভয়ই ভুল। **d)** কারণ (ক) ও (খ) উভয়ই ঠিক।

**II)** মন্তব্য: 'আলতা' শব্দটি বাংলা শব্দভাণ্ডারের তদ্ভব শ্রেণির শব্দ।
কারণ (ক) : শব্দটি সরাসরি সংস্কৃত শব্দভাণ্ডার থেকে বাংলা শব্দভাণ্ডারে চলে আসেনি।
কারণ (খ) : শব্দটিতে প্রাকৃতের স্তরে কোনো পরিবর্তন হয়নি।
মন্তব্যের প্রেক্ষিতে কারণদু'টো ঠিক না ভুল তা লেখো।

**a)** কারণ (ক) ঠিক, (খ) ভুল। **b)** কারণ (ক) ভুল, (খ) ঠিক।
**c)** কারণ (ক) ও (খ) উভয়ই ভুল। **d)** কারণ (ক) ও (খ) উভয়ই ঠিক।

**III)** মন্তব্য: 'হাসপাতাল' শব্দটি বাংলা শব্দভাণ্ডারের বিদেশি শ্রেণির শব্দ।
কারণ: শব্দটি ইংরাজি শব্দ '**HOSPITAL**' এর কিছুটা পরিবর্তিত রূপ।

**a)** মন্তব্য ঠিক হলেও কারণ ভুল। **b)** মন্তব্য ভুল হলেও কারণ ঠিক।
**c)** মন্তব্য ও কারণ উভয়ই ঠিক। **d)** মন্তব্য ও কারণ উভয়ই ভুল।

**IV)** মন্তব্য: 'ডিঙা' শব্দটি বাংলা শব্দভাণ্ডারের দেশি শ্রেণির শব্দ।
কারণ : শব্দটি আরবি শব্দ থেকে বাংলা শব্দভাণ্ডারে এসেছে।

**a)** মন্তব্য ঠিক হলেও কারণ ভুল। **b)** মন্তব্য ভুল হলেও কারণ ঠিক।
**c)** মন্তব্য ও কারণ উভয়ই ঠিক। **d)** মন্তব্য ও কারণ উভয়ই ভুল।

**V)** মন্তব্য: নিরূপমা কহিল, " বাবা, আমাকে বাড়ি নিয়ে যাবে না?" – এটি একটি প্রত্যক্ষ উক্তির দৃষ্টান্ত।
কারণ: এই দৃষ্টান্তে বক্তার কথা অবিকৃতভাবে উপস্থাপিত হয়েছে।

**a)** মন্তব্য ঠিক হলেও কারণ ভুল। **b)** মন্তব্য ভুল হলেও কারণ ঠিক।
**c)** মন্তব্য ও কারণ উভয়ই ঠিক। **d)** মন্তব্য ও কারণ উভয়ই ভুল।

**VI)** মন্তব্য: রাজসিংহ মাণিকলালকে প্রশ্ন করিলো যে সে মরিতে আদৌ ভীত কিনা। - এটি একটি পরোক্ষ উক্তির দৃষ্টান্ত।
কারণ: এই দৃষ্টান্তে বক্তার কথার অর্থ বা ভাববস্তুকে এক রেখে অপরের কথায় পরিবর্তিত আকারে উপস্থাপিত করা হয়েছে।

**a)** মন্তব্য ঠিক হলেও কারণ ভুল। **b)** মন্তব্য ভুল হলেও কারণ ঠিক।
**c)** মন্তব্য ও কারণ উভয়ই ঠিক। **d)** মন্তব্য ও কারণ উভয়ই ভুল।

**VII)** মন্তব্য: শ্যামলাল বিস্মিত হয়ে বললো যে, আকাশটা আজ বড়োই সুন্দর। - এটি একটি প্রত্যক্ষ উক্তির দৃষ্টান্ত।
কারণ: এই দৃষ্টান্তে বক্তার কথা অবিকৃতভাবে উপস্থাপিত হয়েছে।

**a)** মন্তব্য ঠিক হলেও কারণ ভুল। **b)** মন্তব্য ভুল হলেও কারণ ঠিক।
**c)** মন্তব্য ও কারণ উভয়ই ঠিক। **d)** মন্তব্য ও কারণ উভয়ই ভুল।

**VIII)** মন্তব্য: 'পুরোহিতমশাই বিধান দিলেন।' – এই বাক্যটি কর্তৃবাচ্যের দৃষ্টান্ত।
কারণ (ক): এই বাক্যে কর্তাই প্রধান।
কারণ (খ): কর্তা সরাসরি ক্রিয়া সম্পাদন করছে।
মন্তব্যের প্রেক্ষিতে কারণদু'টো ঠিক না ভুল তা লেখো।

**a)** কারণ (ক) ঠিক, (খ) ভুল। **b)** কারণ (ক) ভুল, (খ) ঠিক।
**c)** কারণ (ক) ও (খ) উভয়ই ভুল। **d)** কারণ (ক) ও (খ) উভয়ই ঠিক।

**IX)** মন্তব্য: 'তোমার দ্বারা একাজ সম্পন্ন হয়েছে।' - এই বাক্যটি কর্মবাচ্যের দৃষ্টান্ত।
কারণ (ক): এই বাক্যে কর্তা প্রধান।
কারণ (খ): ক্রিয়া কর্মের অনুগামী হয়ে কর্মের পুরুষ অনুসারে নিজের রূপের পরিবর্তন করে।
মন্তব্যের প্রেক্ষিতে কারণদু'টো ঠিক না ভুল তা লেখো।

**a)** কারণ (ক) ঠিক, (খ) ভুল। **b)** কারণ (ক) ভুল, (খ) ঠিক।
**c)** কারণ (ক) ও (খ) উভয়ই ভুল। **d)** কারণ (ক) ও (খ) উভয়ই ঠিক।

**X)** মন্তব্য: 'মেবারের রাণার জয় হোক।' - এই বাক্যটি ভাববাচ্যের দৃষ্টান্ত।
কারণ: এই বাক্যে ক্রিয়ার একটি বিশেষ ভাবই প্রাধান্য লাভ করেছে।

**a)** মন্তব্য ঠিক হলেও কারণ ভুল। **b)** মন্তব্য ভুল হলেও কারণ ঠিক।
**c)** মন্তব্য ও কারণ উভয়ই ঠিক। **d)** মন্তব্য ও কারণ উভয়ই ভুল।